

## 💵 সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় : ই'তিকাফ রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মসজিদে ই'তিকাফ করার উদ্দেশ্যে তাঁবু খাটানো

'আয়েশা রাদিয়াল্লাহু 'আনহা খেকে বর্ণিত যে,

«أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَرَادَ أَنْ يَعْتَكِفَ، فَلَمَّا انْصَرَفَ إِلَى المَكَانِ الَّذِي أَرَادَ أَنْ يَعْتَكِفَ إِذَا أَخْبِيَةٌ خِبَاءُ عَائِشَةَ، وَخِبَاءُ حَفْصَةَ، وَخِبَاءُ زَيْنَبَ، فَقَالَ: أَلْبِرَّ تَقُولُونَ بِهِنَّ» ثُمَّ انْصَرَفَ، فَلَمْ يَعْتَكِفْ حَتَّى اعْتَكَفَ عَشْرًا مِنْ شَوَّالِ»

"নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ই'তিকাফ করার ইচ্ছা করলেন। এরপর যে স্থানে ই'তিকাফ করার ইচ্ছা করেছিলেন সেখানে এসে কয়েকটি তাঁবু দেখতে পেলেন। (তাঁবুগুলো হলো নবী সহধর্মিণী) 'আয়েশা রাদিয়াল্লাহু 'আনহা, হাফসা রাদিয়াল্লাহু 'আনহা ও যায়নাব রাদিয়াল্লাহু 'আনহার তাঁবু। তখন তিনি বললেন, তোমরা কি এগুলো দিয়ে নেকী হাসিলের ধারণা কর? এরপর তিনি চলে গেলেন আর ই'তিকাফ করলেন না। পরে শাওয়াল মাসে দশ দিনের ই'তিকাফ করলেন।"[1]

>

## ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ২০৩৪, সহীহ মুসলিম, হাদীস নং ১১৭৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10934

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন